

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ঢাকা ওয়াসার এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট এ অবস্থিত কেন্দ্রীয় সার্ভার রুমের সার্কিট ব্রেকার ক্রয় প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০

ঢাকা ওয়াসার (DWASA) মতো একটি বৃহৎ সেবাপ্রার্থী প্রতিষ্ঠানের কেন্দ্রীয় সার্ভার রুম হলো এর পুরো ডিজিটাল কার্যক্রমের কেন্দ্রবিন্দু। ঢাকা ওয়াসার অনলাইন বিলিং সিস্টেম, পানি সরবরাহ ব্যবস্থাপনা এবং প্রশাসনিক কার্যক্রমকে সম্পূর্ণ ডিজিটাল প্ল্যাটফর্মে নিয়ে এসেছে। এই বিশাল ডাটাবেস ও সিস্টেম পরিচালিত হয় প্রতিষ্ঠানের কেন্দ্রীয় সার্ভার রুম থেকে। বিদ্যুৎ বিভ্রাট বা শর্ট সার্কিটের মতো দুর্ঘটনা থেকে এই মূল্যবান সম্পদ রক্ষা করতে উচ্চক্ষমতাসম্পন্ন সার্কিট ব্রেকার ব্যবহারের বিকল্প নেই। এই বিভাগের অধীনে থাকা কেন্দ্রীয় সার্ভার রুমের নিরবিচ্ছিন্ন কার্যকারিতা নিশ্চিত করতে উচ্চমানসম্পন্ন সার্কিট ব্রেকার ক্রয় ও স্থাপন করা অত্যন্ত জরুরি।

অনুচ্ছেদ ১.১

সার্ভার রুমে অত্যন্ত সংবেদনশীল ইলেকট্রনিক যন্ত্রপাতি থাকে, যা সামান্য ভোল্টেজ ফ্লাকচুয়েশন বা অতিরিক্ত বিদ্যুৎ প্রবাহে (Overload) নষ্ট হয়ে যেতে পারে। সার্কিট ব্রেকার একটি স্বয়ংক্রিয় সুরক্ষা নিশ্চিত করে। যখনই লাইনে অস্বাভাবিক বিদ্যুৎ প্রবাহ দেখা দেয়, সার্কিট ব্রেকার দ্রুত সংযোগ বিচ্ছিন্ন করে দিয়ে অনাকাঙ্ক্ষিত বিপদের ঝুঁকি কমিয়ে দেয়। ঢাকা ওয়াসার ডিজিটালাইজেশনের সুফল ধরে রাখতে এবং প্রতিষ্ঠানের সম্পদ রক্ষায় একটি আধুনিক ও শক্তিশালী বিদ্যুৎ সুরক্ষা ব্যবস্থা অপরিহার্য। কেন্দ্রীয় সার্ভার রুমের জন্য উচ্চমানসম্পন্ন সার্কিট ব্রেকার ক্রয় করা হলে তা কেবল যান্ত্রিক নিরাপত্তাই দেবে না, বরং ঢাকা ওয়াসার সেবার মানকেও নিরবচ্ছিন্ন ও নির্ভরযোগ্য করে তুলবে।


ঢাকা ওয়াসার এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট এ অবস্থিত কেন্দ্রীয় সার্ভার রুমের জন্য নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত উচ্চমানসম্পন্ন সার্কিট ব্রেকার ক্রয় করা প্রয়োজন।


Sl. No.	Item Description	Unit	Qty.	Unit Price	Total Price
1.	MCCB (Molded Case Circuit Breaker) Capacity: 63A - 100A, 3-Pole, 25kA-36kA	Nos.	1	14,500/-	14,500/-
2.	MCB (Miniature Circuit Breaker) Capacity: 16A/32A, Double Pole (DP), 10kA	Nos.	1	6,800/-	6,800/-
3.	RCBO (Residual Current Breaker with Over current) Sensitivity: 30mA, 2-Pole	Nos.	1	3,660/-	3,660/-
				Total =	24,960/-


কথায়ঃ চব্বিশ হাজার নয়শত ষাট মাত্র।

অনুচ্ছেদ ১.২

ঢাকা ওয়াসার এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট এ অবস্থিত কেন্দ্রীয় সার্ভার রুমের জন্য নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত উচ্চমানসম্পন্ন সার্কিট ব্রেকার ক্রয় পিপিআর-২০২৫ এর ১০০(১) মোতাবেক সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট এর এ্যাকাউন্টে নগদ ক্রয় বাবদ = ২৪,৯৬০/- (চব্বিশ হাজার নয়শত ষাট মাত্র) টাকা প্রদানের অনুমোদন দেয়া যেতে পারে যা এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের “কম্পিউটার মেইনটেনেন্স” (Serial No: E-6, Package No: M-06)” খাত হতে নির্বাহ করা হবে এবং ক্রয় কার্যক্রম সম্পন্ন হলে বিল প্রাপ্তি সাপেক্ষে সমন্বয় করা হবে।


রাজেশ কুমার ধর
মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার)
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
কম্পিউটার সেন্টার, ঢাকা ওয়াসা।


SSA
মোঃ ইলিয়াস উদ্দিন মাহমুদ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা


DMD (HR & Admin) 
মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

SSA